**BANGLADESH INSTITUTE OF INTERNATIONAL AND STRATEGIC STUDIES (BIISS)**

1/46, Old Elephant Road, Ramna, Dhaka- 1000, Bangladesh

# সংবাদ বিজ্ঞপ্তি

Seminar on

## “Bangladesh-US Tariff Deal: How to Optimise Trade Benefit”

BIISS Auditorium, Dhaka, Wednesday, 24 September 2025

বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) বুধবার, ২৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখে বিআইআইএসএস মিলনায়তনে **“Bangladesh-US Tariff Deal: How to Optimise Trade Benefit”** শীর্ষক একটি সেমিনারের আয়োজন করে। সেমিনারে প্রধান অতিথি ছিলেন অর্থ মন্ত্রণালয়ের মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী **ড. আনিসুজ্জামান চৌধুরী**। বিশেষ অতিথি ছিলেন বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব **জনাব মাহবুবুর রহমান**। অধিবেশনে সভাপতিত্ব করেন বিআইআইএসএস-এর মহাপরিচালক **মেজর জেনারেল ইফতেখার আনিস, বিএসপি, এডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি, পিইঞ্জ**। তিনি স্বাগত ভাষণ এবং সমাপনী বক্তব্যও দেন। বিআইআইএসএস-এর গবেষণা পরিচালক **ড. মোহাম্মদ জসিম উদ্দিন** ধন্যবাদ জ্ঞাপন করেন।

সেমিনারে তিনটি উপস্থাপনা প্রদান করা হয়। উপস্থাপক হিসেবে ছিলেন **ড. মাহফুজ কবির**, গবেষণা পরিচালক, বিআইআইএসএস; **ড. গোলাম রসুল**, অধ্যাপক, অর্থনীতি বিভাগ, ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস এগ্রিকালচার অ্যান্ড টেকনোলজি (আইইউবিএটি) এবং **জনাব ইনামুল হক খান**, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, বিজিএমইএ। উপস্থাপনাসমূহের পরে একটি উন্মুক্ত আলোচনা অধিবেশন অনুষ্ঠিত হয়।

বিজ্ঞ আলোচকবৃন্দ উল্লেখ করেন যে আলোচনার মাধ্যমে বাংলাদেশ ১ আগস্ট থেকে শুল্ক ২০ শতাংশে কমাতে সফল হয়েছে। পারস্পরিক শুল্ক ৩৫ শতাংশ থেকে ২০ শতাংশে কমানোকে বাংলাদেশের জন্য একটি ঐতিহাসিক কূটনৈতিক বিজয় হিসেবে প্রশংসিত হয়েছে। বাংলাদেশের পারস্পরিক শুল্ক হার তার এশিয়ান প্রতিযোগী যেমন ইন্দোনেশিয়া, ভিয়েতনাম, কম্বোডিয়া, পাকিস্তান এবং শ্রীলঙ্কার অনুরূপ; এবং এটি মিয়ানমার ও ভারতের মতো কিছু প্রতিবেশীর তুলনায় অনেক কম। মার্কিন যুক্তরাষ্ট্র বাংলাদেশের অন্যতম বৃহৎ বাজার বিশেষ করে পোশাক শিল্পের জন্য এই চুক্তি কার্যকরভাবে ব্যবহার করা হলে বাণিজ্য সম্পর্ক সম্প্রসারণে বিশেষ ভূমিকা রাখতে পারে। তবে এই শুল্ক চুক্তির সুবিধা সর্বাধিক করার জন্য বাংলাদেশকে তার বাণিজ্য বাস্তুতন্ত্রের (trade ecosystem) বিভিন্ন দিক মোকাবেলা করে একটি বিস্তৃত কৌশল গ্রহণ করতে হবে। মার্কিন প্রবর্তিত এই শুল্ক যুদ্ধের ভবিষ্যত গতিপথ অনিশ্চিত রয়ে গেছে। মার্কিন শুল্ক দ্বারা সৃষ্ট উদ্ভূত পরিস্থিতি নীতিনির্ধারক, ব্যবসায়ী এবং বিশেষজ্ঞদের তাৎক্ষণিক মনোযোগ দাবি করে।

বিভিন্ন মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, কর্মরত ও অবসরপ্রাপ্ত সামরিক কর্মকর্তাগণ, কূটনৈতিক মিশন, গণমাধ্যম, গবেষকগণ, শিক্ষাবিদ এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীবৃন্দ, বিভিন্ন থিঙ্ক ট্যাঙ্কের প্রতিনিধিগণ এবং ব্যবসায়িক ব্যক্তিত্ববর্গ সেমিনারে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন এবং উন্মুক্ত আলোচনা অধিবেশনে তাঁদের মূল্যবান মতামত, মন্তব্য, পরামর্শ এবং পর্যবেক্ষণ উপস্থাপন করে অনুষ্ঠানকে সমৃদ্ধ করেন।

**BANGLADESH INSTITUTE OF INTERNATIONAL AND STRATEGIC STUDIES (BIISS)**

1/46, Old Elephant Road, Ramna, Dhaka- 1000, Bangladesh

Press Release

Seminar on

# "Bangladesh-US Tariff Deal: How to Optimise Trade Benefit"

BIISS Auditorium, Dhaka, Wednesday, 24 September 2025

Bangladesh Institute of International and Strategic Studies (BIISS) organised a Seminar on **"Bangladesh-US Tariff Deal: How to Optimise Trade Benefit"** on Wednesday, 24 September 2025, at the BIISS auditorium. **Dr Anisuzzaman Chowdhury,** Special Assistant to the Honourable Chief Adviser, Ministry of Finance, was the Chief Guest in the Seminar. **Mr Mahbubur Rahman**, Secretary Ministry of Commerce was present as the Special Guest. **Major General Iftekhar Anis, BSP, awc, afwc, psc, PEng,** Director General, BIISS, delivered the welcome address and concluding remarks while chairing the Session. **Dr Mohammad Jasim Uddin,** Research Director, BIISS, delivered the vote of thanks.

Three presentations were delivered in the Seminar. The presenters were **Dr Mahfuz Kabir**, Research Director, BIISS; **Professor Dr Golam Rasul,** Department of Economics**,** International University of Business Agriculture and Technology (IUBAT); and **Mr Inamul Haq Khan,** Senior Vice President, BGMEA. There was an Open Discussion Session following the presentations.

Distinguished speakers noted that through negotiations, Bangladesh succeeded in reducing the tariff to 20 per cent, effective from 01 August. Reducing the reciprocal tariff from 35 per cent to 20 per cent was hailed domestically as a historic diplomatic victory for Bangladesh. The reciprocal tariff rate for Bangladesh is similar to its Asian competitors, such as Indonesia, Vietnam, Cambodia, Pakistan, and Sri Lanka, while it remains far lower than some neighbours like Myanmar and India. With the US being one of Bangladesh's largest markets, particularly for its garment industry, this deal can catalyse expanding trade relations if effectively utilised. However, to maximise the benefits of this tariff deal, Bangladesh needs to adopt a comprehensive strategy that addresses various aspects of its trade ecosystem. The future trajectory of this US-initiated tariff war remains uncertain. The evolving situation created by the US tariff demands immediate attention from policymakers, businessmen, and experts.

Senior officials from different ministries, serving and retired military officials, diplomatic missions, media, researchers, academicians and students from various universities, representatives from different think tanks, and business personnel actively participated in the roundtable discussion and enriched it by presenting their valuable opinions, comments, suggestions, and observations during the open discussion session.